# মানিদার শিল্পিত মেজাজ



তিনি সকলের প্রিয় মানিদা— শান্তিনিকেতনের মাস্টারমশাই কল্পাতি গণপতি সুব্রহ্মণ্যন। বলিষ্ঠ রেখা, রঙের হালকা প্রলেপ বা আকারের সামান্য অদলবদলেই সাধারণ দৃশ্যকে স্মরণীয় করে তোলা তাঁর কাজের বৈশিষ্ট্য। প্রকৃতিকে হুবহু অনুকরণ না করে রঙের প্রয়োগে এক বিশেষ আবহ বা মেজাজ তৈরি করেন তিনি। তাঁর ম্যুরাল বা রিভার্স পেন্টিংয়েও সুপ্ত থাকে বিশালত্বের আভাস। শিল্পীর ধৈর্যশীল, কৌতূহলী ও নিঃশব্দ সৃষ্টিশীল ছোট কাজগুলি নিয়ে ১৯ অগস্ট থেকে ৫ সেপ্টেম্বর, আকৃতি আর্ট গ্যালারিতে হয়ে গেল একটি প্রদর্শনী। সাধারণ দর্শকদের কাছে কে জি সুব্রহ্মণ্যনের মতো শিল্পীদের কাজ তুলে ধরতেই সিগাল-এর সহায়তায় এই প্রদর্শনীর আয়োজন, জানালেন অধিকর্তা বিক্রম বাচওয়াত। 'দ্য পোয়েট্রি অফ দ্য এভরিডে: কে জি সুব্রহ্মণ্যন অ্যান্ড দ্য আর্ট অফ সিইং' প্রদর্শনী দর্শকদের মোহিত করল।